ইসরায়েলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মেহেরপুরের গাংনী উপজেলা শহরে বিশাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) দুপুরে ‘গাংনী উপজেলা ছাত্র সমাজ পরিবার’-এর ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মিছিলটি গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহরের বড়বাজারে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওন, স্থানীয় সমাজসেবক বশির আহমেদ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আমির হামজা ও আব্দুল্লাহ প্রমুখ।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নিরব। মানবাধিকার কোথায়? আমাদের শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তুলতে হবে। একজন মুসলিম হিসেবে লজ্জা লাগে যে, আমরা এখনও এই অমানবিক অন্যায়ের বিরুদ্ধে সক্রিয় হতে পারিনি।

তারা ইসরায়েলের সব ধরণের পণ্য বর্জনের জন্য ছাত্র-ছাত্রীসহ সকলের প্রতি আহ্বান জানান।

বিক্ষোভ মিছিলে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, শিক্ষক এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন।
এছাড়াও মেহেরপুর শহর ও মুজিবনগরেও পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে মানববন্ধন

মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

সোমবার (৮ মার্চ) বেলা ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মানববন্ধনে মেহেরপুর জেলা স্টেডিয়ামে বাণিজ্যমেলা বন্ধের দাবি জানানো হয়।

তারা বলেন, দীর্ঘদিন মেহেরপুরে খেলাধুলা বন্ধ রয়েছে, মেহেরপুর শহরে খেলার জায়গা নাই স্টেডিয়ামে মেলা হলে খেলোয়াররা খেলার জায়গা পাবে না। খেলার মাঠ বাদে অন্য কোথাও মেলা স্থানান্তর করার দাবি জানান তারা।

সেখানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য এ এস লিটন, আমিরুল ইসলাম অলডাম, মাসুদুল ইসলাম প্রমূখ।

এই সময় জেলার সাবেক ও বর্তমান খেলোয়াড়রা এবং ক্রীড়া প্রেমী মানুষরা সেখানে উপস্থিত ছিলেন।

মুজিবনগরে অজ্ঞাত নারীর লাশ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার থেকে আট কবর সড়কের মধ্যবর্তী বল্লভপুর গুড়িতলার মাঠে প্রধান সড়কের পাশ থেকে এক অজ্ঞাত নারীর লাশ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার (৭ এপ্রিল) সকালে রাস্তার পাশে একটি নারীর লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেয়। খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, নিহত নারী মানসিক ভারসাম্যহীন এবং তার আনুমানিক বয়স ৫০ বছর। এখন পর্যন্ত তার পরিচয় শনাক্ত করা যায়নি।

ময়নাতদন্তের জন্য লাশ মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস পালিত

মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস- ২০২৫ উদযাপন উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থা এর আয়োজনে, দিবসটি উপলক্ষে আজ রবিবার সকাল এগারোটার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডলের নেতৃত্বে বর্ণাঢ্য র্যালী বের হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভায় মিলিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা ক্রীড়া সংস্থা সদস্য সচিব

রকিব উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য ও মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, ক্রীড়া সংস্থার সদস্য ও প্রেসক্লাবের সহসভাপতি খাইরুল বাশার, ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম সহ উপজেলা বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারিবৃন্দ এবং তরুণ ও যুব সমাজের প্রতিনিধি বৃন্দ।

আলোচনা সভায় উপজেলা ক্রীড়া সংস্হাকে আরো গতিশীল করা, উপজেলার খেলার মাঠ গুলোকে সংস্কার করা, বিভিন্ন খেলার আয়োজনে মাধ্যমে তরুন ও যুব সমাজকে খেলা মুখি করে মোবাইল আসক্তি, অনলাইন জুয়া, মাদকে প্রতিরোধ করার বিষয়ে বক্তব্য তুলে ধরে আলোচনা করেন অতিথিরা।

মেহেরপুর আন্তঃ জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা বাস ও মিনিবাস মালিক সমিতির কমিটি ভেঙে দিয়ে একটি অ্যাডহক কমিটি গঠন করায় প্রতিবাদ জানিয়েছে মেহেরপুর আন্তঃ জেলা বাস মিনিবাস মালিক সমিতি।

এ বিষয়ে রবিবার সন্ধ্যায় হোটেল বাজারস্থ নিজস্ব কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি জহিরুল ইসলাম লিখিত বক্তব্য পাঠ

করে বলেন, আমাদের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও সাধারণ মালিকগণ আজ আপনাদের সামনে উপস্থিত হয়েছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য দিতে।”

তিনি বলেন, “গতকাল সকাল ১১টায় আমাদের সমিতির অফিসে কিছু সদস্য লোকাল বাস এক্সিডেন্টের ক্ষতিপূরণের জন্য কল্যাণ তহবিল গঠনের কথা বলে কিছু সাধারণ মালিককে একত্র করেন।

পরে তারা বিভিন্ন মিথ্যাচার ও বিভ্রান্তিমূলক অভিযোগ তুলে সমিতির গঠনতন্ত্র বহির্ভূতভাবে একটি অবৈধ আহ্বায়ক কমিটির নাম ঘোষণা করেন। এটি সম্পূর্ণ অনৈতিক ও অগ্রহণযোগ্য। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।”

তিনি আরও জানান, “বর্তমান পরিস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী শিগগিরই সাধারণ নির্বাচন আয়োজনের উদ্যোগ নেওয়া হবে, যাতে করে সমিতির নেতৃত্ব আইনানুগভাবে নির্ধারিত হয়।”

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির অন্যান্য কার্যনির্বাহী সদস্য ও সাধারণ মালিকরা।

মেহেরপুরে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতি গ্রেফতার, কারাগারে প্রেরণ

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ ৩ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল শনিবার দিবাগত মধ্যরাতে সদর উপজেলার চাঁদবিল মোড়ের একটি রেস্টুরেন্ট থেকে মেহেরপুর সদর থানা ও ডিবি পুলিশের একটি দল অভিযান চালিয়ে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ শোভন ও জয় খানকে এবং মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ছাত্রলীগ নেতা আশিকুর রহমানকে গ্রেফতার করেন।

তাদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধ আইনে বৈষম্য বিরোধী ছাত্রদের দায়ের করা মামলা রয়েছে বলে জানান সদর থানার ওসি মেসবাহ উদ্দিন।

আজ রোববার (৬ এপ্রিল) দুপুরে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ গ্রেপ্তার ৩ জন

মেহেরপুরে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সহ-সভাপতিসহ তিন নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার (৫ এপ্রিল) দিবাগত মধ্যরাতে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল মোড় এলাকার একটি রেস্টুরেন্ট থেকে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ দুজনকে এবং মুজিবনগর এলাকা থেকে থানা পুলিশ একজনকে গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃতরা হলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু মোরশেদ শোভন, জয় খান ও আশিকুর রহমান। তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে বৈষম্যবিরোধী ছাত্রদের দায়ের করা মামলা রয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, তাঁরা ওই রেস্টুরেন্টে বসে নাশকতার পরিকল্পনা করছিলেন।

শোভনের বাড়ি মেহেরপুর পৌর এলাকার মন্ডলপাড়ায়, তিনি আব্দুল মান্নানের ছেলে। জয় খান স্টেডিয়ামপাড়ার সবুজের ছেলে এবং আশিকুর রহমানের বাড়ি মুজিবনগর উপজেলায়।

রোববার (৬ এপ্রিল) দুপুরে মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে গ্রেপ্তারকৃতদের বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে এক সপ্তাহে ৮ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৫ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ১ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ জন রয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত থেকে আজ শনিবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, গোভীপুর গ্রামের মোঃ মেহেদী, থানা পাড়ার মোঃ সেলিম রেজার ছেলে রিয়াদ হোসেন (১৯), দক্ষিন শালিকা মোল্লাপাড়ার মোঃ আবুল কাশেমর ছেলে মোঃ আনোয়ার হোসেন, ক্যাশবপাড়ার মৃত সুমন মন্ডলের ছেলে খাজা মঈন উদ্দিন তিস্ত ওরফে মুহিত (২৫), শ্যামপুর নীলমনি পাড়ার মৃত আরমান মন্ডলের ছেলে আমিরুল ইসলাম(৫৮), বাড়িবাঁকা গুচ্ছগ্রামের মৃত খোদাবক্স মৃধার ছেলে মোঃ রাজু আহম্মেদ।

গাংনী উপজেলার গ্রেফতারকৃতরা হলেন, নওয়াপাড়ার মৃত খবির উদ্দিনের ছেলে মোঃ ইসলাম হোসেন (৬০), এফআইআর নং-১১, তারিখ- ১৯ আগস্ট, ২০২৪; জি আর নং-২২৭, তারিখ-১৯/০৮/২০২৪খ্রি.ধারা- ২০০৯ সাল (সংশোধনী/২০১২) এর সন্ত্রাস বিরোধী আইন এর ৬(২)/৭(৫)/৭(৬)(ক) ৭(৬)(খ)/১০/১১/১২/১৩।

মুজিবনগর উপজেলার গ্রেফতারকৃতরা হলেন, বাগোয়ানের মোঃ কাহিরুল ইসলাম, এসটিসি ৭০/১৯ ঝিনাইদহ জিআর১৩/১৯, এসসি-৮৪৭/২০ এবং আনন্দবাসের মৃত নাসির উদ্দিনের ছেলে মোঃ সাগর, পাঃ জারী ১৫/১৯ সাজা প্রাপ্ত।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এবং মুজিবনগর

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান অভিযানের নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

মেহেরপুরের প্রবীণ ব্যবসায়ী ও গুণীজন আনোয়ারুল হাসান আর নেই

বড় বাজারের প্রবীণ ব্যবসায়ী, যাত্রা শিল্পী, নাট্যব্যক্তিত্ব ও সাংবাদিক আসফারুল হাসান সুমনের পিতা আনোয়ারুল হাসান আজ শনিবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তিনি দীর্ঘদিন ধরে বড় বাজারে ব্যবসা পরিচালনা করে আসছিলেন এবং এলাকার একজন সুপরিচিত ও সম্মানিত ব্যক্তি হিসেবে পরিচিত ছিলেন।

তার মৃত্যুতে স্থানীয় সম্প্রদায়ে শোকের ছায়া নেমে এসেছে। তার জানাজার নামাজ শনিবার রাত সাড়ে ১০ টাই শহীদ শামসুদ্দোহা পার্কে অনুষ্ঠিত হবে।

গাংনীতে সড়ক দূর্ঘটনায় মাছ ব্যবসায়ী নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মাছ বোঝাই আলগামন উল্টে মাছ ব্যবসায়ী জুয়েল রানা (২৮) নিহত হয়েছেন।

আজ শনিবার সকাল ৮ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার চোখতোলার মাঠ নামক স্থানে এই দূর্ঘটনা ঘটে।

নিহত জুয়েল রানা গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মিনহাজ উদ্দীনের ছেলে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, জুয়েল রানা ছাতিয়ান গ্রাম থেকে মাছ নিয়ে গাংনী মাছ বাজারে বিক্রির উদ্যেশ্যে আসছিলেন। চোখতোলার মাঠ নামক স্থানে পৌঁছানো মাত্র আলগামনের একজেল ভেঙ্গে নিয়ন্ত্রণ হারিয়ে পার্শ্ববর্তী খাদে উল্টে যায়।

এসময় দূর্ঘটনা কবলিত আলগামনের নিচে চাপা পড়ে গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।